



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৯১

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
১৪ মে ২০১৯ খ্রিষ্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

৬৮৬তম কমিশন সভা অদ্য ১৪/০৫/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. কমিশন বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড 'Peninsula Balanced Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৮ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক পেনিনসুলা অ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানী লি:। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।
২. Bangladesh Securities and Exchange Commission (Investment Sukuk) Rules, 2019; Bangladesh Securities and Exchange Commission (Exchange Traded Derivatives) Rules, 2019 এবং Bangladesh Securities and Exchange Commission (Short-Sale) Rules, 2019 এর উপর জনমত জরিপে প্রাপ্ত মতামত/পরামর্শ পর্যালোচনা করে কমিশন কতিপয় সংশোধন/পরিবর্তন/পরিমার্জনপূর্বক চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে, যা শীঘ্রই বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হবে।
৩. এছাড়াও, কমিশন আদ্যকার সভায় সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেডের (CDBL) ব্লক মডিউল অনুমোদন করেছে। এর ফলে সকল তালিকাভুক্ত কোম্পানী তাদের উদ্যোক্তা, পরিচালক, প্রেসমেন্ট শেয়ার হোল্ডারদের এবং এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী তাদের মিউচুয়াল ফান্ডের উদ্যোক্তাদের ইউনিট CDBL এর ব্লক মডিউল ব্যবহার করে ব্লক করে রাখবে, যাতে ব্লককৃত শেয়ার অথবা মিউচুয়াল ফান্ড এর ইউনিট বিও একাউন্ট থেকে স্থানান্তর করা না যায়। উক্ত শেয়ারহোল্ডারগণ এবং ইউনিট হোল্ডারগণ স্টক এক্সচেঞ্জে প্রয়োজনীয় ঘোষণা এবং প্রয়োজ্য ক্ষেত্রে কর প্রদানের পর স্টক এক্সচেঞ্জ উক্ত শেয়ার এর ব্লক প্রত্যাহার করার পর উক্ত শেয়ার বা মিউচুয়াল ফান্ডের ইউনিট লেনদেন করা যাবে।

উল্লেখ্য, এ বিষয়ে প্রস্তুতি হিসাবে কমিশনের নির্দেশে CDBL ইতিমধ্যে তালিকাভুক্ত কোম্পানী, এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী এবং স্টক এক্সচেঞ্জের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেছে যাতে তারা ব্লক মডিউল সহজেই ব্যবহার করতে পারেন।

CDBL ও স্টক এক্সচেঞ্জদ্বয়ের প্রধান প্রযুক্তি কর্মকর্তারা এই মডিউল ব্যবহার সংক্রান্ত বিষয়ে সার্বক্ষণিক পর্যবেক্ষণ করবেন। এ সংক্রান্ত নির্দেশনা শীঘ্রই জারি করা হবে।


২৪/০৫/২০১৯

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।